

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০০২.২০১১ক- ৩৩

তারিখ : ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

বিষয় : চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন ০৬নং এওচিয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন সংক্রান্ত।

সূত্র : জনাব নজরুল ইসলাম, পিতা-হাজী আলতাফ হোসেন, চেয়ারম্যান প্রার্থী, ০৬নং এওচিয়া ইউনিয়ন পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম এর আবেদন, তারিখঃ ১০.০১.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৪/০৬/২০১৬ তারিখে চট্টগ্রাম জেলার বিভিন্ন ইউনিয়নের নির্বাচন চলাকালে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার ০৬নং এওচিয়া ইউনিয়ন পরিষদের একটি কেন্দ্রের ভোট গ্রহণ স্থগিত করা হয়। উক্ত নির্বাচনের বিষয়ে রিট পিটিশন নং-৭৬১১/২০১৬ দায়ের হলে তাতে নির্বাচনের গেজেট প্রকাশ ৬(ছয়) মাস স্থগিত করা হয়। পরবর্তীতে সিভিল পিটিশন ফর আপীল নং-২২০৪/২০১৬ এর ১/৯/২০১৬ তারিখের আদেশে রিট পিটিশন নং-৭৬১১/২০১৬ এর স্থগিতাদেশ স্থগিত করা হয় (কপি সংযুক্ত)। পরবর্তীতে নির্বাচন কমিশন হতে ২৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে উপ-নির্বাচন সংক্রান্ত পত্র জারী করা হয় এবং এওচিয়া ইউনিয়ন পরিষদের উপ-নির্বাচন ৩১/১০/২০১৬ তারিখ নির্ধারণ কর হয় (কপি সংযুক্ত)। কিন্তু মহামান্য হাইকোর্টে রিট মামলা নং-১৩০৯৯/২০১৬-তে প্রদত্ত স্থগিতাদেশের কারণে উপ-নির্বাচন স্থগিত করা হয়। উক্ত রিট পিটিশনের আদেশের বিপক্ষে সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং-৩৪৭২/২০১৬ এর ২৮/০৯/২০১৬ তারিখের আদেশে রিট পিটিশন নং ১৩০৯৯/২০১৬ এর স্থগিতাদেশ স্থগিত করা হয় (কপি সংযুক্ত)। সিভিল পিটিশনের আদেশ নিম্নরূপঃ

" Petitioner preferred this petition against the interim order dated: 24.10.2016 of the High Court Division in writ petition No.13099 of 2016 and obtained the order of stay from the learned Judge-in-Chamber.

We have heard the learned Counsel of both the parties and perused the impugned order of the High Court Division. We are of the view that the ends of justice would be best served, if the rule itself is disposed of on merit by the High Court Division.

Let this rule be heard and disposed of by the High Court Division as early as possible.

However, the order of stay granted earlier by the learned judge-in-Chamber be continued till disposal of the rule.

The leave petition is accordingly disposed of with the above observations."

০২। এমতাবস্থায়, সিভিল পিটিশন এর লিড টু আপীল নং-৩৪৭২/২০১৬ তারিখের ২৮/৯/২০১৬ তারিখের আদেশের মাধ্যমে রিট পিটিশন ১৩০৯৯/২০১৬-তে প্রদত্ত নির্বাচন সংক্রান্ত স্থগিতাদেশের স্থগিত করায় উক্ত ইউনিয়নে নির্বাচনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।